

Publication: Prayag

Date: 11/09/2013

Edition: Kolkata

Page No: 9

Headline: 1542 students participate in Smart Tech Wizard competition

স্মার্ট টেক উইজার্ড প্রতিযোগিতায় ১৫৪২ জন প্রতিযোগী অংশগ্রহণ করল



প্রতিযোগিতায় টাইটার কনটেস্টও হয়। রিজিওনাল ফাইনালে ৬০৮ জনের বেশি সরাসরি টাইট করেন। কলকাতার পরও বাকি শহরগুলি যথাক্রমে মুম্বই, বেঙ্গালুরু, নাগপুর কোচির মতো মোট ১৪ টি জায়গায় হবে। যেখানে ফাইনাল প্রতিযোগিতায় কলকাতার হয়ে অভিরাল এবং শুভমও অংশ গ্রহণ করবেন। রিজিওনাল ফাইনালে যে ছ'টি টিম যায় তাদের আগে প্রিলিম টেস্ট দিতে হয়। তাতে ২০ টি করে প্রশ্ন ছিল। প্রশ্ন করা হয় তথ্যপ্রযুক্তি, কারেন্ট অ্যাফেয়ারস্ প্রভৃতির ওপর। ক্লাস ৮-১২ শ্রেণি পর্যন্ত বা আন্ডার গ্র্যাজুয়েটরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। মোট ছ'জন প্রতিযোগী পুরস্কার হিসাবে পায় টিসিএস'র ডবল ডাফেল জিম ব্যাগ, পেন ড্রাইভ, নোটবুক স্পিকার, টি-শার্ট। আর প্রথম জয়ী পুরস্কার হিসাবে পায় আইপ্যাড এবং দ্বিতীয় জয়ী পায় গ্যালাক্সি ট্যাবলেট।

এদিনের অনুষ্ঠান থেকে প্রতিযোগী তথা বর্তমান ছাত্রছাত্রীদের সম্বন্ধে যা জানা গেল কলকাতার প্রায়—

- ◆ ৩৭.৫৯ শতাংশ ছাত্রছাত্রী মোবাইল ফোন ব্যবহার করে।
- ◆ ৫১.৬৭ শতাংশ ছাত্রছাত্রী মাদের নিজেদের স্মার্ট ফোন আছে।
- ◆ ৯২.১১ শতাংশ ছাত্রছাত্রী সোসাল নেটওয়ার্কিং সাইট হিসেবে ফেসবুক ব্যবহার করে।
- ◆ ২৩.৩২ শতাংশ ছাত্রছাত্রী প্রতিদিন ২-৩ ঘণ্টা ইন্টারনেট ব্যবহার করে।
- ◆ ইঞ্জিনিয়ারিং এবং আইটি পেশা হিসাবেই তাদের ভবিষ্যত লক্ষ্য।

নিজস্ব প্রতিনিধি : গত ৬ সেপ্টেম্বর কলকাতার সায়েন্স সিটি গ্র্যান্ড থিয়েটার (ন্যাশনাল কাউন্সিল অব সায়েন্স মিউজিয়াম) ভারতের বৃহত্তম ইন্টার স্কুল আইটি কুইজ প্রতিযোগিতা 'স্মার্ট টেক উইজার্ড ২০১৩'য় বিভিন্ন শহর থেকে ১৫৪২ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন। প্রতিযোগিতায় কলকাতা রিজিয়ন থেকে অভিরাল দাশগুপ্ত এবং শুভম আগরওয়াল যুগ্ম হিসাবে জয়ী হয়। তারা দু'জনেই লয়েলা স্কুল জামশেদপুর থেকে অংশ গ্রহণ করেন। প্রতিযোগিতায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইআইএম ক্যালকটার ডিরেক্টর শৈবাল চট্টোপাধ্যায়। এ ছাড়া তার সঙ্গে উপস্থিত ছিলেন শ্রীধর বস্তু সেন্টার হেড-উপাচার্য শ্লোবাল হেড ওরাকেল এন্টারপ্রাইজ সলিউশন অ্যান্ড রিজিওনাল হেড ইস্ট।